বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-
বাংলা নগর, ঢাকা-১২০৭
প্রশাসন বিভাগ
www.btrc.gov.bd

তারিখ: ১৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১৪.৩২.০০০০.০০০.৪০০.০৬.০০০১.২৩.৪৭২

## অফিস আদেশ

সরকারি কার্যক্রমকে জবাবদিহিমূলক, জনকল্যাণমুখী, কার্যকর ও গতিশীল করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বিদ্যমান কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি অধিকতর বাস্তবমুখী ও সহজীকরণ করে 'সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS)' প্রণয়ন করা হয়েছে। মন্ত্রিপরিষদ কর্তৃক প্রণীত নির্দেশিকার আলোকে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)- এ GPMS বাস্তবায়নের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে বিটিআরসি'র GPMS টিম গঠন করা হলোঃ

| ক্রম | কর্মকর্তার নাম, পদবী ও বিভাগ | GPMS টিমে পদবী |
|---|---|---|
| ১। | মহাপরিচালক (সিস্টেমস্ এন্ড সার্ভিসেস), বিটিআরসি | টিম লিডার |
| ২। | জনাব সাজেদা পারভীন, পরিচালক (অর্থ, হিসাব ও রাজস্ব), বিটিআরসি | সদস্য |
| ৩। | জনাব মোঃ নূরন্নবী, পরিচালক (স্পেকট্রাম), বিটিআরসি | সদস্য |
| ৪। | ড. মোঃ সোহেল রানা, পরিচালক (ইএন্ডও), বিটিআরসি | সদস্য<br>(বিকল্প টিম লিডার) |
| ৫। | লে. কর্নেল মোঃ কামরুল হাসান মামুন, পরিচালক (এসএস), বিটিআরসি | সদস্য |
| ৬। | জনাব মোঃ শাহজাহান আলী, সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন), বিটিআরসি | সদস্য<br>(বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা) |
| ৭। | জনাব মোহাম্মদ আশরাফুল আলম, উপপরিচালক (প্রশাসন), বিটিআরসি | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

**কার্যপরিধি:**

(ক) GPMS-এর ৩ বছর মেয়াদি খসড়া পরিকল্পনা প্রণয়ন, বিবেচ্য অর্থবছরের খসড়া কর্মসম্পাদন পরিকল্পনা প্রণয়ন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ;
(খ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক চূড়ান্ত পরিকল্পনা, বিবেচ্য অর্থবছরের চূড়ান্ত কর্মসম্পাদন পরিকল্পনা ও বছরশেষে কৌশলগত প্রতিবেদন (Strategic Report) প্রণয়ন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ;
(গ) প্রতি দুই মাসে একবার GPMS এর অগ্রগতি পর্যালোচনা;
(ঘ) বিবেচ্য অর্থবছরের চূড়ান্ত কর্মসম্পাদন পরিকল্পনার সংশোধন (যদি থাকে) প্রস্তাব নির্ধারিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ;
(ঙ) প্রতি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ;
(চ) অর্ধবার্ষিক অগ্রগতির প্রমাণক সংরক্ষণ;
(ছ) বিবেচ্য অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন ২) এর ষান্মাসিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ;
(জ) GPMS সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা;
(ঝ) GPMS ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন;
(ঞ) বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত, প্রমাণকের যথার্থতা যাচাই ও সংরক্ষণ এবং স্বমূল্যায়ন প্রতিবেদন চেয়ারম্যান-বিটিআরসি'র অনুমোদন গ্রহণ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ নিশ্চিত করা; এবং
(ট) কমিশনের GPMS-এর সার্বিক কার্যক্রম তদারকি এবং মূল্যায়ন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এই আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

০২-০৪-২০২৬
সেলিনা পারভীন
উপ পরিচালক (মানবসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা)

নম্বর: ১৪.৩২.০০০০.০০০.৪০০.০৬.০০০১.২৩.৪৭২/১ (১০)

তারিখ: ১৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ , বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
২। পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
৩। পরিচালক, স্পেকট্রাম ম্যানেজমেন্ট, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
৪। পরিচালক, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
৫। পরিচালক, সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ , বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
৬। সহকারী সচিব, বাজেট-১ শাখা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৭। উপ পরিচালক (অফিস ব্যবস্থাপনা), প্রশাসন বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
৮। সিনিয়র সহকারী পরিচালক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব এবং ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাগণ (ইহা মহোদয়গণের সদয় অবগতির জন্য) এবং
১০। মহাপরিচালক মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তা, বিটিআরসি (ইহা মহোদয়গনের সদয় অবগতির জন্য)।

০২-০৪-২০২৬
সেলিনা পারভীন
উপ পরিচালক (মানবসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা)